

রাজা

জনর্দিন। আমার কথাটা হচ্ছে এই যে, তোমরা ত এমন রাজ্য জান যেখানে রাজা কেবল চোখেই দেখা যায় কিন্তু রাজ্যের মধ্যে তা'র কোনো পরিচয় নেই, সেখানে কেবল ভূতের কার্তন—কিন্তু এখানে দেখ—কৌণ্ডল্য। আবার ঘুরে ফিরে সেই একই কথা! তুমি ভবদত্তর আসল কথাটার উত্তর দাও না হে—হাঁ, কি, না? রাজাকে দেখেছ, কি, দেখনি?

ভবদত্ত। রেখে দাও ভাই কৌণ্ডল্য। ওর সঙ্গে মিথো বকাবকি করা। ওর ন্যায়শাস্ত্রটা পর্যন্ত এ-দেশী রকমের হ'য়ে উঠছে। বিনা চক্ষে ও যখন দেখতে শুরু করেছে তখন আর ভরসা নেই। বিনা অল্পে কিছু দিন ওকে আহার করতে দিলে আবার বুদ্ধিটা সাধারণ লোকের মত পরিষ্কার হ'য়ে আসতে পারে।

(প্রস্থান)

বাউলের দল

আমার প্রাণের মানুষ আছে প্রাণে
 তাই হেরি তায় সকলখানে।
আছে সে নয়ন-তারায় আলোক ধারায়, তাই না হারায়,
ওগো তাই দেখি তায় যেথায় সেথায়
 তাকাই আমি যেদিকপানে ॥

রাজা

আমি তা'র মুখের কথা
শুনব বলে' গেলাম কোথা,
শোনা হ'ল না, শোনা হ'ল না,
আজ ফিরে এসে নিজের দেশে
এই যে শূনি,
শূনি তাহার বাণী আপন গানে ॥
কে তোরা খুঁজিস্ তা'রে
কাঙাল-বেশে দ্বারে দ্বারে,
দেখা মেলে না মেলে না,—
ও তোরা আয়রে ধেয়ে দেখ রে চেয়ে
আমার বৃকে—
ওরে দেখ রে আমার ছুই নয়ানে ॥

(প্রস্থান)

(একদল পদাতিক)

১ম পদাতিক । সরে' যাও সব সরে' যাও ! তফাৎ যাও !
১ম পথিক । ইস্ তাই ত ! মস্তলোক বটে ! লম্বা পা ফেলে
চল্চেন ! কেন রে বাপু সরব কেন ? আমরা সব
পথের কুকুর না কি ?
২য় পদাতিক । আমাদের রাজা আস্চেন ।
২য় পথিক । রাজা ? কোথাকার রাজা ?
১ম পদাতিক । আমাদের এই দেশের রাজা ।
১ম পথিক । লোকটা পাগল হ'ল নাকি ? আমাদের দেশের